

৪/

ডাকসু নির্বাচনের আগেই আত্মপ্রকাশ

অরাজনৈতিক ও স্বতন্ত্র পরিচয়ে
সরকার সমর্থিত ছাত্র সংগঠন

॥ মাহফুজুর রহমান ॥

ডাকসু নির্বাচনের আগেই অরাজনৈতিক ও স্বতন্ত্র পরিচয়ে সরকার সমর্থিত ছাত্র সংগঠন আত্মপ্রকাশ করতে যাচ্ছে। নতুন এ ছাত্র সংগঠনের সকল প্রকৃতি সম্পন্ন হয়েছে এবং বিষয়টি এখন শুধুমাত্র

আনুষ্ঠানিক ঘোষণার অপেক্ষায় রয়েছে।

সর্বশেষ সূত্র জানায়, জানুয়ারীর শেষ কিংবা ফেব্রুয়ারীর প্রথম দিকে নতুন এ ছাত্র সংগঠনের আনুষ্ঠানিক ঘোষণা দেয়ার জোর প্রকৃতি চলছে। কেন্দ্রীয়ভাবে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে নতুন এ ছাত্র সংগঠনের সংগঠনিক কাঠামো দাঁড় করানোর লক্ষ্যে প্রকৃতি ইতিমধ্যেই শেষ হয়েছে। এখন অন্যান্য বিশ্ববিদ্যালয়, গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান ও বিভিন্ন জেলায় সংগঠনের প্রতিনিধি নির্বাচন এবং কাঠামো ঠিক ৭-এর পাতায় দেখুন

অরাজনৈতিক ও স্বতন্ত্র পরিচয়ে

প্রথম পৃষ্ঠার পর

করা হচ্ছে। আগামী এপ্রিলে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নির্বাচন অনুষ্ঠানের চিন্তা-ভাবনা চলছে। এ নির্বাচনের আগেই সম্পূর্ণ স্বাধীন ও স্বতন্ত্র পরিচয় নিয়ে নতুন ছাত্র সংগঠনটির আত্মপ্রকাশ এবং ডাকসু নির্বাচনে অংশগ্রহণের মাধ্যমে সাংগঠনিক পরিচিতি ও ডিঙি মজবুত করার সিদ্ধান্ত উচ্চ পর্যায়ে গৃহীত হয়েছে।

জানা গেছে, সম্পূর্ণ স্বাধীন, স্বতন্ত্র ও অরাজনৈতিক ছাত্র সংগঠন হিসেবে নতুন এ সংগঠনের আত্মপ্রকাশ ঘটবে। শিক্ষান, শিক্ষা ও ছাত্রের বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে দেশের সর্বোচ্চ কর্তৃপক্ষের সাথে এ সংগঠন যোগাযোগ রক্ষা করে চলার নীতি আনুষ্ঠানিক ঘোষণায় উল্লেখ করবে। ঘোষণায় বলা হবে, যে কোন দল বা ছাত্র সংগঠন করেও এ সংগঠনে যোগ দেয়া যাবে।

সরকারের বিলুপ্ত ঘোষিত ছাত্র সংগঠনের সাথে যুক্ত ছিলেন এমন কয়েকজন ছাত্রনেতা নতুন এ সংগঠনের মূল উদ্যোক্তা। দীর্ঘদিন যাবৎ তারা এ সংগঠন করার চিন্তা-ভাবনা করছেন। মূলতঃ এ সকল নেতৃবৃন্দের প্রচেষ্টায় গত ২রা নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকটি হল ছাত্র সংসদের প্রতিনিধিসহ কিছুসংখ্যক ছাত্র প্রতিনিধি রটপতি ও বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলরের সাথে সাক্ষাৎ করেন। এ

সাক্ষাৎ অনুষ্ঠানের পরে নতুন ছাত্র সংগঠনের বিষয়টি ব্যাপক প্রচারে আসে।

জানা গেছে, গত ডিসেম্বর ও চলতি জানুয়ারী মাসে এ ব্যাপারে দু'টো আনুষ্ঠানিক বৈঠক হয়েছে। এ বৈঠকে অন্যান্যের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তাও উপস্থিত ছিলেন। এ বৈঠকেই নতুন ছাত্র সংগঠনের প্রকৃতি চূড়ান্ত করা হয়। তবে নতুন এ সংগঠনের নাম কি হবে তা এখনও চূড়ান্ত হয়নি। এ ব্যাপারে 'ছাত্র কল্যাণ সংস্থা' কিংবা 'বালাপেঁশ ছাত্র কোরাম' এ দু'টো প্রস্তাব রয়েছে।

নতুন এ ছাত্র সংগঠনের উদ্যোক্তাদের অন্যতম হলেন বিলুপ্ত ঘোষিত জাতীয় ছাত্র সমাজের তৎকালীন নেতা ইকবাল হোসেন রাজু। গতকাল এ ব্যাপারে তার সাথে যোগাযোগ করলে তিনি বলেন, শিগুগিরই এ সংগঠন আত্মপ্রকাশ করবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আমাদের প্রকৃতি সম্পন্ন। অন্যান্য বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন জেলা পর্যায়ের প্রতিনিধিও ঠিক হয়েছে। ছাত্রদের সমস্যাভিত্তিক ও সম্পূর্ণ অরাজনৈতিক এ সংগঠনের আত্মপ্রকাশ এখন আনুষ্ঠানিক ঘোষণার অপেক্ষায় রয়েছে।

নতুন এ সংগঠনে কারা যোগ দিচ্ছেন বা কাদের সাথে ইতিমধ্যে বৈঠক ও যোগাযোগ হয়েছে জানতে চাইলে তিনি জানান, এ ব্যাপারে এই মুহূর্তে কিছু বলব না। নতুন এ সংগঠনের সাথে সরকারের কোন সম্পর্ক নেই বলে তিনি জানান।